গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(প্রশাসন-১)
www.dss.gov.bd

নম্বর- ৪১.০১.০০০০.০০৮.১৮.৪৩৩.২০২০.৭২৬ তারিখ: ০৫ ভাদ্র ১৪৩৩ / ২০ আগস্ট ২০২৬

বিষয়ঃ বিভাগীয় সমাজসেবা কার্যালয় স্থানান্তর সংক্রান্ত।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নম্বর- ৪১.০০.০০০০.০১৯.০০১.৪২.১৮.৩৮২ তারিখ: ১৭ আগষ্ট, ২০২৬ মূলে সকল বিভাগীয় সমাজসেবা কার্যালয়সমূহ ( খুলনা বিভাগীয় সমাজসেবা কার্যালয় ব্যাতিত) -কে জেলা সমাজসেবা কমপ্লেক্সে অবস্থিত সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে স্থানান্তরের জন্য নির্দেশনা প্রদান করেন।

সে নির্দেশনার প্রেক্ষিতে উক্ত পত্রটি সংশ্লিষ্ট সকলের নিকট পৃষ্ঠাংকন করা হলো।

২০/০৮/২৬
মোঃ রবিউল করিম
উপপরিচালক (প্রশাসন)
ফোন- ৫৫০০৭৩৭০

অনুলিপি সদয় অবগতি বা পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, .................... (পত্রের মর্মানুযায়ী প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো) / পরিচালক (প্রশাসন ও অর্থ/ কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা/পরিকল্পনা ও উন্নয়ন/শিশু সুরক্ষা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট (আইসিটি শাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল),
৫. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
৬. সহকারী প্রোগ্রামার (আইসিটি শাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৭. জেলা অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, .................

Endorsment (Beauty)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা
www.msw.gov.bd

স্মারক নম্বর-৪১.০০.০০০০.০১৯.০০১.৪২.১৮.৩৮২ তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

বিষয়: বিভাগীয় সমাজসেবা কার্যালয় স্থানান্তর সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতি মাসে বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের ভাড়া বাবদ মোট ৭, ৯৪,০৬৬ (সাত লক্ষ চুরানব্বই হাজার ছেষট্টি) টাকা ব্যয় হচ্ছে। যা মন্ত্রণালয় বা সরকারি রাজস্বের উপরে একটি বাড়তি চাপ হিসেবে পরিগণিত। অথচ, প্রতি জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নামে বড় স্থাপনা রয়েছে যার পুরোটা ব্যবহৃত হচ্ছে না। তবে খুলনা বিভাগীয় সমাজসেবা কার্যালয় সমন্বিত বিভাগীয় কার্যালয়ে (বিভাগীয় কমিশনার এর কার্যালয়) অবস্থিত বিধায় তার জন্য আলাদা ভাড়া লাগে না। এজন্য সমাজসেবা অধিদপ্তরাধীন সকল বিভাগীয় পরিচালকের কার্যালয়সমূহ (খুলনা ব্যতিত) জেলা সমাজসেবা কমপ্লেক্সের উপপরিচালকের কার্যালয়ে স্থানান্তর করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সমাজসেবা অধিদপ্তরাধীন সকল বিভাগীয় পরিচালকের কার্যালয়সমূহ (খুলনা ব্যতিত) ০১ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে জেলা সমাজসেবা কমপ্লেক্সে অবস্থিত সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে স্থানান্তরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭.০৮.২০২৬
(মোঃ রবিউল ইসলাম)
উপসচিব
ফোন: ৫৫১০০১৬৯
ইমেইল: dsadmin4@msw.gov.bd

মহাপরিচালক
সমাজসেবা অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা

স্মারক নম্বর-৪১.০০.০০০০.০১৯.০০১.৪২.১৮.৩৮২ তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৫। সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(মোঃ রবিউল ইসলাম)
উপসচিব